

পেনশন সুবিধা নেয়ার জন্য যে যােগ্যতা একজন সরকারী কর্মচারী থাকা দরকার।

সরকারি কর্মচারি মানেই পেনশন পাবেন তা যেমন সত্যি ঠিক তেমনি সত্যি যে কিছু টার্মস এন্ড কন্ডিশন পূরণ না করলে পেনশন পাওয়া যায় না। গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ [The Public Servant (Retirement) Act, 1974] এর আওতায় ও একজন সরকারী কর্মচারী/কর্মকর্তার পেনশন সুবিধা লইবার জন্য যে সকল _ যােগ্যতা থাকা দরকার তাহার বর্ণনা নিম্নে প্রদত্ত হইল।

১। চাকুরী সরকারী চাকুরী হইতে হইবে এবং সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত হইতে হইবে [বি, এস, আর, পার্ট-১, বিধি-২৫৮ এবং ২৬০ মােতাবেক]।

২। চাকুরী স্থায়ী হইতে হইবে (বি, এস, আর, পার্ট-১, বিধি-২৫৮)। কোন স্থায়ীসংস্থাপনে স্থায়ীভাবে অধিষ্ঠিত না থাকিলে, উক্ত চাকুরী পেনশনযােগ্য চাকুরী হিসাবে গণ্য হইবে না [বি, এস, আর, পার্ট-১, বিধি-২৬৪]।

৩। এই চাকুরী অবশ্যই সরকারী খাত হইতে বেতন-ভাতাদি প্রদত্ত হইতে হইবে (বি, এস, আর, পার্ট-১, বিধি-২৫৮)।

৪। কোন চাকুরী সরকারের অধীনে না হওয়া সত্বেও যদি উক্ত চাকুরীর বেতন-ভাতাদি সরকারের রাজস্ব খাত হইতে প্রদান করা হয়, তাহা হইলে উক্ত চাকুরীকে পেনশনের জন্য গণনা করিবার নির্দেশ সরকার প্রদান করিতে পারে [বি, এস, আর, পার্ট-১, বিধি-২৫৯]।

৫। বর্তমানে স্থায়ী এবং অস্থায়ী উভয় প্রকার চাকুরীই পেনশনের জন্য গণনা করা হয় [বি, এস, আর, পার্ট-১, বিধি-২৫৯]।

৬। চাকুরীর মেয়াদ অবশ্যই বিরতিহীনভাবে ৫ বৎসর হইতে হইবে।

৭। কোন অস্থায়ী পদে নিয়োজিত কর্মচারী স্থায়ীপদে বদলী হইলে তাহার অস্থায়ী পদের চাকুরীকাল পেনশনযােগ্য চাকুরীকাল হিসাবে গণ্য হইবে, যদিও উক্ত পদ পরীক্ষামূলকভাবে অথবা অস্থায়ীভাবে প্রথমে সৃষ্টি করা হয় এবং পরবর্তী পর্যায়ে তাহা স্থায়ী করা হয় বি, এস, আর, পার্ট-১, বিধি-২৬৬]।

৮। কোন শূন্য পদে বা কোন স্থায়ী নিয়োজিত কর্মচারী যে পদের বেতনাদি গ্রহণ করে নাই অথবা তাহার চাকুরীকাল গণনা করেন নাই, উক্ত পদে স্থায়ীভাবে নিয়োজিত হইয়া অফিসিয়োটিং হিসাবে নিয়োজিত হইয়া চাকুরীতে বিরতি ব্যতীত চাকুরীতে স্থায়ী (Confirm) হইলে, অফিসিয়োটিংকালীন চাকুরী পেনশনযােগ্য চাকুরী হিসাবে গণ্য হইবে [বি, এস, আর, পার্ট-১, বিধি-২৬৭]।

৯। স্থায়ী পদে অধিষ্ঠিত ও স্থায়ী বেতন গ্রহণকারী প্রবেশনার কর্মচারীর চাকুরী পেনশনযােগ্য চাকুরী হিসাবে গণ্য হইবে, যে পদ তাহার জন্য সংরক্ষিত রাখা হয়, এইরূপ কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে যদি প্রবেশনার হিসাবে নিয়োজিত হইয়া থাকে এবং অন্য কোন কর্মচারী একই সময়ে উক্ত পদের জন্য যদি চাকুরীকাল গণনা না করিয়া থাকেন (বি, এস, আর, পার্ট-১, বিধি-২৬৯)।

৫-২৪ বছর পেনশন প্রাপ্তির ক্ষেত্রে দুটি শর্ত পূর্ণনীয় ১। আপনি যদি চাকরি করতে অক্ষম হউন এবং মেডিকেল বোর্ড কর্তৃক অক্ষম ঘোষিত হতে হবে বা আপনি মারা গেলে পরিবার পেনশন পাবে। ২। যদি আপনার প্রতিষ্ঠান সরকার কর্তৃক বন্ধ বা বিলুপ্ত ঘোষণা করে। এই দুটি শর্ত ছাড়া সেছায় অবসরের ক্ষেত্রে ২৫ বছর চাকরি পূর্ণ করতে হবে।